রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ : ০২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১৭ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ২৯৬-আইন/২০২৬/৮৫/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২(২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে H.S.Code 8471.50.90 এর অধীন সার্ভার (Server) আমদানিতে উহার উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস শুল্ক, রেগুলেটরি শুল্ক, সম্পূরক শুল্ক, যদি থাকে, ও মূল্য সংযোজন কর এবং অগ্রিম আয়কর যেই পরিমাণ ২ (দুই) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আহসান হাবিব
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২২৫১৩)
মূল্য : টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com